



বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) Bangladesh Legal Aid and Services Trust (BLAST)

২৩ জানুয়ারী ২০১৭

প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ পাটকল করপোরেশন এর অর্ন্তগত খুলনা ও যশোর এলাকার জুট মিলস এর কর্মীদের চাকুরীতে স্থায়ী করা সংক্রান্ত নির্দেশনা দিয়ে একটি রুলনিশি জারি করেছেন মহামান্য হাইকোর্ট বিভাগ

আজ ২৩ জানুয়ারী ২০১৭ তারিখ বাংলাদেশ পাটকল করপোরেশন এর অর্ন্তগত খুলনা ও যশোর জেলার ছয়টি জুট মিলে স্থায়ী পদে কর্মী নিয়োগ সংক্রান্ত গত ২২ জুলাই ২০১৬ তারিখ দৈনিক যুগান্তর পত্রিকায় প্রকাশিত বাংলাদেশ পাটকল করপোরেশন এর নিয়োগ বিজ্ঞপ্তি কেন অবৈধ ও বাতিলযোগ্য হিসেবে ঘোষণা করা হবে না এবং বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদে মামলার আবেদনকারীদের কেন অনুমতি দেওয়া হবে না - তৎমর্মে মহামান্য হাইকোর্ট বিভাগ একটি রুলনিশি জারি করেছেন এবং নিয়োগ বিজ্ঞপ্তির কার্যকারিতা এক মাসের জন্য স্থগিত ঘোষণা করা হয়েছে। বিচারপতি মোঃ আশফাকুল ইসলাম ও বিচারপতি আশীষ রঞ্জন দাস এর সম্মুখে গঠিত বেঞ্চ রিট আবেদন (রিট পিটিশন নং ১৫৭৬৬/২০১৬) শুনানীর পর এ আদেশ জারি করেন।

বাংলাদেশ পাটকল করপোরেশন এর অর্ন্তগত খুলনা ও যশোর জেলায় ছয়টি জুট মিলস এর কর্মীদের পক্ষে মামলাটি দায়ের করেন মোঃ আলমগীর হোসেন ও অন্যান্যরা। তাদের আইন সহায়তা প্রদান করে বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)। বাদী পক্ষে মামলার শুনানি করেন ব্লাস্ট প্যানেল আইনজীবী তানিম হোসেন শাওন এবং রাষ্ট্র পক্ষে উপস্থিত ছিলেন ডেপুটি এটর্নি জেনারেল আল-আমিন সরকার। ব্লাস্ট এর পক্ষে উপস্থিত ছিলেন ব্লাস্ট এর স্টাফ লয়ার আইনজীবী শারমিন আক্তার।

উল্লেখ্য যে, বাংলাদেশ পাটকল করপোরেশন এর অর্ন্তগত খুলনা ও যশোর জেলায় ছয়টি জুট মিলে অস্থায়ী ভিত্তিতে কর্মরত শ্রমিকগণ দীর্ঘদিন যাবৎ উক্ত মিলে বদলী, ক্যাজুয়াল ও দৈনিক ভিত্তিতে শ্রমিক হিসেবে ইউ.ডি.এ; এল.ডি.এ; সময়ক্ষক; ড্রেসার; এম.এল.এস.এস; টালী করণিক; অফিস সহায়ক ইত্যাদি পদে কাজ করে আসছেন। ইতোমধ্যে তারা মিলের বিভিন্ন বিভাগে নিয়োগের তারিখ হতে অদ্যবধি উপরোক্ত পদসমূহে সন্তোষজনকভাবে ১০- ১৫ বছর যাবৎ কাজ করছেন এবং তাদের কর্মচারীর প্রবেশনকাল অতিবাহিত করে বর্তমানে স্থায়ী কর্মচারী হিসেবে নিয়োগ পাবার যোগ্যতা অর্জন করেছেন।

গত ২২ জুলাই ২০১৬ তারিখ বাংলাদেশ পাটকল করপোরেশন এর অর্ন্তগত খুলনা ও যশোর জুট মিলস কর্তৃপক্ষ দৈনিক যুগান্তর পত্রিকায় ইউ.ডি.এ; এল.ডি.এ; সময়ক্ষক; ড্রেসার; এম.এল.এস.এস; টালী করণিক; অফিস সহায়ক ইত্যাদি পদে নিয়োগ বিজ্ঞপ্তি প্রদান করেন যেখানে উল্লেখ করা হয় যে, আবেদনকারীদের বয়স সীমা হবে সর্বোচ্চ ৩০ বছর। যেহেতু মামলার আবেদনকারীদের অধিকাংশের বয়স ৩০ বছর অতিক্রম করেছে সেহেতু তারা অনেকেই উপরোক্ত পদে আবেদনের যোগ্যতা হারিয়েছেন। কিন্তু জুট মিলস কর্তৃপক্ষ বিগত ২০০০ সালে মামলার আবেদনকারীদের এ মর্মে প্রতিশ্রুতি প্রদান করেছিলেন যে, পরবর্তীকালে উক্ত পদে নিয়োগ প্রদান করা হলে বর্তমানে চাকুরীরত কর্মীবৃন্দ অগ্রাধিকার পাবেন। কিন্তু এখানে সে প্রতিশ্রুতির লংঘন করা হয়েছে বিধায় কর্মীবৃন্দ গত ১১ ডিসেম্বর ২০১৬ তারিখ মহামান্য হাইকোর্টে এ মর্মে প্রতিকার চেয়ে একটি রীট মামলা দায়ের করেন।

বার্তা প্রেরক:

মাহবুবা আক্তার

উপ- পরিচালক (এডভোকেসী এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

মোবাইল নং: ০১৭৭৬০৬০১১৩

ইমেইল: mahbuba@blast.org.bd